

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আল্লাহর হারামকৃত জিনিসের ব্যাপারে আল্লাহকে ভয় করবে, তিনিই প্রকৃত সম্মানিত; সম্ভ্রান্ত বংশের ঐ ব্যক্তি সম্মানিত নয়, যিনি হারাম কাজে লিপ্ত হয়

ذِكْرُ الْبَيَانِ بَأَنَّ مَنْ اتَّقَى اللَّهَ مِمَّا حَرَّمَ عَلَيْهِ كَانَ هُوَ الْكَرِيمُ دُونَ النَّسِيبِ الَّذِي يُقَارَفُ مَا حُظِرَ عَلَيْهِ

আরবী

647 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدٍ بْنِ أَبِي مَعْشَرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سِنَانٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قِيلَ: يَا رَسُولَ اللَّهِ مَنْ أَكْرَمُ النَّاسِ؟ قَالَ: (أَتَقَاهُمْ) قَالُوا: لَسْنَا عَنْ هَذَا نَسْأَلُكَ قَالَ: (فَعَنْ مَعَادِنِ الْعَرَبِ تَسْأَلُونَنِي؟ خِيَارُكُمْ خِيَارُكُمْ فِي الْإِسْلَامِ إِذَا فَفُّهُوا) الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 647 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪৭. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, বলা হলো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, মানুষের মাঝে সবচেয়ে সম্মানিত ব্যক্তি কে?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যিনি তাদের মাঝে সবচেয়ে বেশি তাকওয়াবান।” সাহাবাগণ বললেন: “তবে কি তোমরা আরবদের বংশ সম্পর্কে জিজ্ঞেস করছো? তোমাদের মধ্যে উত্তম ঐ ব্যক্তি যিনি ইসলামে উত্তম, যখন তারা দ্বীনের জ্ঞান অর্জন করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩৩৭৪।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (ফিকহুস সীরাহ: ৫৬।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89149>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন